# জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০০৩.০০.০০০.২০২২- ১৬০ | **তারিখ :** ০৯ আষাঢ় ১৪২৯ / ২৩ জুন ২০২২

**বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৫ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: হান্নানুর রশিদ, জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন , জীবীক |
| স্থান | : কমিটির আহবায়কের দপ্তর (৪র্থ তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন, ঢাকা) |
| তারিখ ও সময় | : ২২-০৬-২০২২ খ্রি: তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায়। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

২.০ সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, সরকার বিভিন্ন অফিসের তথ্য অধিকার বিষয়ে আগামী ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং উহা বাস্তবায়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। তিনি সভাকে আরো অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগ প্রথমে তথ্য অধিকার আইন-২০০৯ এবং অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা-২০১০ অনুযায়ী আগামী ২০২২-২০২৩ অর্থবছরে জীবন বীমা কর্পোরেশন এবং আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের লক্ষে তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে কর্তৃপক্ষের অনুমোদনের পর ইহা স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটের নির্ধারিত কর্ণারে আপলোড করা এবং উহা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করে। পরবর্তিতে সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন/প্রস্তুত করে উহার বিভিন্ন সূচক অর্জণের জন্য নির্দেশনা প্রদান করে উহা কর্পোরেশনের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অবহিত হওয়ার নির্দেশ প্রদান করে।
কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত আগামী ২০২২-২০২৩ অর্থবছরের জন্য তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার বিভিন্ন কর্মসম্পাদনের ক্ষেত্র, কার্যক্রম, সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে অবহিত হয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে।

**সিদ্ধান্ত:**
৩.০ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত তথ্য অধিকার বিষয়ে আগামী ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনাটি মুদ্রণ পূর্বক কমিটির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরান্তে কর্পোরেশনের ওয়েব সাইটের তথ্য অধিকার বিষয়ক কর্ণারে আপলোড এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটির আহবায়ক মহোদয় ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৬/২২
(মো: হান্নানুর রশিদ)
জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন
ও
আহবায়ক-তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০০৩.০১.০০০.২০২২- | **তারিখ :** ০৯ আষাঢ় ১৪২৯ / ২৩ জুন ২০২২

**বিতরণ:**

| | |
|---|---|
| ০১। জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। | আহবায়ক |
| ০২। সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য সচিব |
| ০৩। ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। | সদস্য |
| ০৪। ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম। | সদস্য |
| ০৫। ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য |

26/6/2022
**(শেখ খায়েরুজ্জামান)**
সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**প্রতিলিপি:**

০১। জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি।
০২। পিএস টু এমডি; ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সংশ্লিষ্ট নথি। ০৪। মহানথি।

জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন : ৯৫৫১০৯৬, পিএবিএক্স : ৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭৯৬
পোস্ট বক্স নং-৩৪৫, ৬২৫, জি.পি.ও ঢাকা, ই-মেইল : info @jbc.gov.bd, ওয়েব সাইট : www.jbc.gov.bd

## তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৫ম সভার হাজিরা

তারিখ: ২২ জুন ২০২২, বুধবার, বেলা-১১:০০ ঘটিকা।

স্থান: জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন এর অফিস কক্ষ, ৪র্থ তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মো: হান্নানুর রশিদ<br>জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন | আহবায়ক | [signature] 22/6/22 |
| ২ | জনাব মো: ফেরদৌস আলম খান<br>ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা, প্রধান কার্যালয়, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | সদস্য | [signature] 22/06/2022 |
| ৩ | জনাব মো: মাসুদুর রহমান<br>ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও<br>সদস্য, এপিএ টিম | সদস্য | [signature] 22/06/2022 |
| ৪ | জনাব ইসমত আরা আহমেদ<br>ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য | [signature] 22/06/22 |
| ৫ | শেখ খায়েরুজজামান<br>সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন ও<br>সদস্য, এপিএ টিম | সদস্য সচিব | [signature] 22/6/2022 |